# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **"হিসাব রক্ষক"**, কম্পট্রোলার অফিসের ৪টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"পি.এ"**, আইডব্লিউএফএম-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ-এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"উচ্চমান সহকারী"**, ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, তিতুমীর হলের ১টি স্থায়ী পদ, রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ, এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর"**, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে ড্রাফ্টসম্যান পদের বিপরীতে **"উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর"**, যন্ত্রকৌশল বিভাগের ১টি অস্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"সহকারী হিসাব রক্ষক"**, কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"লাইব্রেরী এসিস্ট্যান্ট কাম-ডকুমেন্টেশন এসিস্ট্যান্ট"**, কেন্দ্রীয় লাইব্রেরীর ১টি স্থায়ী পদ এবং কেমিকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"এল.ডি.এ. কাম-কম্পিউটার অপারেটর"**, কেন্দ্রীয় লাইব্রেরীর ১টি স্থায়ী পদ, আইডব্লিউএফএম-এর ১টি স্থায়ী পদ, সি.এস.ই বিভাগের ১টি স্থায়ী পদ, পুরকৌশল অনুষদের ১টি স্থায়ী পদ, ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, রেজিস্ট্রার অফিসের ২টি স্থায়ী পদ, এবং পানি সম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৯। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"স্টোর সহকারী"**, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই স্টোরের কাজের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি./সমমানের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে ***অথবা*** এস.এস.সি পাশসহ স্টোরের কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে। **বিঃ দ্রঃ-** নির্বাচিত প্রার্থীকে জামানতস্বরূপ ৳ঃ ১০০০/- (এক হাজার) টাকা মাত্র দেওয়ার প্রয়োজন হইবে। যাহা প্রতি মাসে বেতনের শতকরা ২৫ ভাগ হিসাবে কাটিয়া রাখা হইবে।

১০। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে ট্রেসার পদের বিপরীতে **"হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর"**, আইডব্লিউএফএম-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি/সমমানের (বানিজ্য হইলে অগ্রধিকার) পরীক্ষায় পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় ২৫টি এবং ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১১। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"সুপারভাইজার"**, সাবেকুন নাহার সনি হল-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি. পাশ এবং নির্মাণ কাজে সুপারভিশনে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। MS Word এবং MS Excel জানা প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

১২। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে **"অফিস এটেনডেন্ট"**, ডিসিই-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ অফিসের কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৩। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এম.এল.এস.এস"**, আইসিটি সেল-এর ২টি স্থায়ী পদ, আইডব্লিউএফএম-এর ১টি স্থায়ী পদ, পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ, আহসান উল্লা হলের ৩টি স্থায়ী পদ, ডিএইআরএস অফিস (CEP)-এর ১টি স্থায়ী পদ, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের ১টি স্থায়ী পদ এবং স্থাপত্য ও পরিকল্পনা অনুষদের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৪। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"কমনরুম এটেনডেন্ট"**, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৫। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"সিক এটেনডেন্ট"**, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৬। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **'পরিচ্ছন্নতাকর্মী"**, সাবেকুন নাহার সনি হলের ২টি স্থায়ী পদ, তিতুমীর হলের ১টি স্থায়ী পদ এবং ডঃ এম.এ রশীদ হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৭। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''মালী"**, উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ এবং প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৮। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **''গার্ড"**, রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ১০টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

**বি: দ্র:** ক্রমিক নং ১ হইতে ১২ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

**প্রার্থীত পদের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ পূর্বক প্রতিটি পদের জন্য আলাদা আলাদা আবেদন করতে হবে, অফিস/বিভাগ অনুযায়ী আলাদা আলাদা আবেদনের প্রয়োজন নাই।** কম্পট্রোলার, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে ১ নং হইতে ১১ নং ক্রমিকের পদের প্রতিটি পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকার এবং ১২ নং হইতে ১৮ নং ক্রমিকের পদের জন্য ৳ঃ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। বাংলায় প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড/ জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার-এর বরাবরে পৌছাইতে হইবে। **প্রার্থীকে চিঠি পাঠানোর ঠিকানাসমেত দুটি ফিরতি খাম আবেদনের সহিত দিতে হইবে।** আবেদনে উল্লেখিত তথ্যে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে জমাকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গত/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলিয়া গণ্য হইবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বৎসর বুয়েটের কোন চাকুরীর জন্য আবেদন করিলে তাহা বিবেচিত হইবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

## আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ঃ ২৫/০৪/২০২২

রেজিস্ট্রার